R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাকশন সিন্ডিকেট

৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পাণ্ডিত (দাদাঠাকুর)

এভারেষ্ট

এ্যাসবেসটস শীট

বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।

মহকুমার একমাত্র পরিবেশক—

এস, কে, রায়

হার্ডওয়ার ষ্টোর্স

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

ফোন নং—৪

৬৪শ বর্ষ

২৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৩শে কাত্তিক, বুধবার, ১৩৮৪ সাল।

৯ই নভেম্বর, ১৯৭৭ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা

বার্ষিক ৭৲, সডাক ৮৲

## রক্ষাকবচরূপী মিসা-মোহে পুলিশ এখনও মশগুল

বিশেষ প্রতিবেদক : কেন্দ্রের জনতা সরকার ও রাজ্যের বামফ্রন্ট সরকার জনসাধারণের কাছে দেওয়া প্রাক্ নির্বাচনী প্রতিশ্রুতি পালনের ওপর বার বার গুরুত্ব আরোপ করছেন। মানুষের বাক্ স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা, সেনসরের অবসানসহ কালাকানুন মিসা আইন বাতিল সর্বোপরি জরুরী অবস্থায় অপহৃত সমস্ত অধিকারসমূহ জনসাধারণকে ফিরিয়ে দেবার অঙ্গীকারেই তাঁরা ক্ষমতাসীন হয়েছেন। স্বাধীন ও গণতান্ত্রিক দেশে প্রাপ্য সকল অধিকার আজ মানুষ যখন ফিরে পেয়েছে ঠিক তখনই মহকুমার বেশ কিছু পুলিশ অফিসার মিসা আইন বাতিলের তীব্র সমালোচনা করেছেন। মহকুমা পর্যায়ে তাঁদের মতে 'মিসার পুনঃপ্রবর্তন ছাড়া নাকি সমাজবিরোধীদের দমন করা সম্ভব নয়। মিসা না থাকায় তারা এখন বড্ড বেপরোয়া। তাই গ্রামাঞ্চলে চুরি, ছিনতাই, লুঠতরাজ, ডাকাতি বৃদ্ধি পাচ্ছে।' কিছুদিন আগে বহরমপুরে এক সাংবাদিক সম্মেলনে জেলা পুলিশ সুপার স্মরজিৎ চট্টোপাধ্যায়ও মিসার স্বপক্ষে যুক্তি দেখিয়েছেন। সেদিন প্রকারান্তরে তিনিও 'মিসার পুনঃপ্রবর্তন না হোলে জেলায় সমাজবিরোধী কার্য-কলাপ দমন সম্ভবপর নয়'—এটাই বোঝাতে চেয়েছেন। সম্প্রতি তাঁর সুরে সুর মিলিয়েছেন মহকুমার বহু পুলিশ অফিসার। গত কয়দিনে মহকুমার ৫টি থানার অন্ততঃ দশ জন পুলিশ অফিসারের কাছে এ সম্পর্কে তাঁদের মতামত জানতে চেয়েছিলাম। তাঁরা প্রায় সকলেই মিসা চালু রাখার পক্ষে মতামত প্রকাশ করেছেন। তাঁদের মতে, 'বিগত

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ব্যবসায়ী খুন, ৪০ হাজার টাকা লুঠ

অরঙ্গাবাদ, ৭ নভেম্বর—গতকাল শহরের উপকণ্ঠে কুষণলাল আগর-ওয়ালা নামে একজন ব্যবসায়ী আততায়ীর অস্ত্রের আঘাতে নিহত হয়েছেন। তিনি ৫৫/৫-এ ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা—৬ ঠিকানার মহেন্দ্রকুমার এ্যাণ্ড কোম্পানীর মুর্শিদাবাদ জেলার এজেন্ট। গতকাল তিনি রঘুনাথগঞ্জে টাকা আদায় করার পর অরঙ্গাবাদে আদায় করেন। অনুমান করা হচ্ছে তাঁর ব্যাগে আদায়ের ৪০ হাজার টাকা ছিল। রাত্রে অরঙ্গাবাদ থেকে রিক্সা করে ফেরার পথে শহরের উপকণ্ঠে দফাহাটের কাছে রাত সাতটা নাগাদ ৪ জন সশস্ত্র দুর্বৃত্ত তাঁর ওপর হামলা চালায় এবং ধারালো অস্ত্রের আঘাতে গুরুতরভাবে জখম করে টাকা ভর্তি ব্যাগটি ছিনিয়ে নিয়ে চম্পট দেয়। রিক্সাচালক তাঁকে ওই রিক্সাতে করেই নিমতিতা সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। সেখানে ভর্তির প্রায় সঙ্গে সঙ্গেই তাঁর মৃত্যু ঘটে। পুলিশ নিহত কুষণলালের পকেট থেকে রক্তে ভেজা ১০০৬ টাকা উদ্ধার করেছে। রিক্সাচালক সুক মহম্মদকে জিজ্ঞাসাবাদের জন্য গ্রেপ্তার করা হয়েছে।

## মুর্শিদাবাদ জেলায় অর্থ-নৈতিক সুমার

নিজস্ব সংবাদদাতা, ৮ নভেম্বর—অর্থনীতির কৃষিবহির্ভূত ক্ষেত্রের যে অংশ অসংগঠিত সে সম্পর্কে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে রাজ্যের সকল জেলার সাথে মুর্শিদাবাদ জেলার চারটি মহকুমাতেও অর্থ নৈতিক গণনার কাজ শুরু হয়েছে গত ১ নভেম্বর থেকে। চলবে ৩০ নভেম্বর পর্যন্ত। এই গণনার ফলে খনি ও খাদ, উৎপাদন, বাণিজ্য পরিবহণ, নির্মাণ, বৃত্তিমূলক কাজে নিযুক্ত সকল প্রকার সংস্থার অবস্থান, পরিচালন ব্যবস্থা ও কাজকর্মের প্রকৃতি, কর্মী সংখ্যা সম্পর্কে প্রচুর মৌলিক তথ্য জানা যাবে। বিদ্যালয়সমূহের উপ-সহপরিদর্শক ও সহপরিদর্শক, সমাজশিক্ষা প্রসারণ আধিকারিক ও মহিলা

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দুর্বৃত্ত-পুলিশের কাছে প্রধানা শিক্ষিকা লাঞ্ছিতা

রঘুনাথগঞ্জ, ৭ নভেম্বর—আজ স্থানীয় সদরঘাটে রঘুনাথগঞ্জ থানার সাব ইনস্‌পেকটর ভূদেব দাসের কাছে নদীয়া জেলার বোলপুকুর বালিকা বিদ্যালয়ের প্রধানা শিক্ষিকা গীতা ব্যানারজি ও তাঁর দুই ছেলেকে লাঞ্ছিত হতে হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। ঘটনার বিবরণে প্রকাশ, গীতাদেবী তাঁর দুই ছেলেকে (এক ছেলে নদীয়াশ্রী) নিয়ে পাইকর যাওয়ার জন্য সদরঘাটে মুবারই রুটের একটি বাসে ওঠেন। হঠাৎ অশোক ব্যানারজি ও জিৎ সিং নামে শহরের দুই যুবক তাঁদের বাক্স তল্লাসি করতে চান। গীতাদেবী আপত্তি জানান। ইতিমধ্যে সাদা পোশাকে রঘুনাথগঞ্জ থানার সাব ইনস্‌পেকটর ভূদেব দাস ঘটনাস্থলে উপস্থিত হন এবং তল্লাসী করতে চান। গীতাদেবীর ছেলেরা ভূদেববাবুকে পরিচয়পত্র দেখাতে বলেন। ভূদেববাবু তখন চোখ রাঙান এবং মারধোরের হুমকি দিয়ে তল্লাসি করেন। পুলিশ অফিসারের

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ভাগারের ময়লা রাজপথে

রঘুনাথগঞ্জ, ৯ নভেম্বর—জঙ্গিপুর পুরসভার অধীন রঘুনাথগঞ্জ শহরে ভাগারের ময়লা রাজপথের ওপর বরাবর চলে এসেছে বলে জানা গেছে। ফলে ওই এলাকা দিয়ে পথচলা অসাধ্য হয়ে পড়েছে। ভাগারটি পুরসভার ৪নং ওয়ারডে অবস্থিত। দক্ষিণ, পূর্ব ও উত্তরে প্রায় ১০০ পরিবার বাস করেন। বর্ষায় দুর্গন্ধে টেকা যায় না। জলের সঙ্গে যাবতীয় ময়লা পশ্চিমে পাকা সড়কের ওপর দিয়ে বয়ে চলে। মাটি খুঁড়ে পুঁতে দিলে দুর্গন্ধ এড়ান যায়। অথবা বৈজ্ঞানিক প্রথায় কমপোষ্ট সার হিসাবে ব্যবহার করলে পুরসভার আয় বাড়ে। এখন কেবলমাত্র শীতকালে ভাগারের সার বিক্রী হয়।

## এ্যামবুলেনস্ অচল

নিজস্ব সংবাদদাতা: মাত্র একটি কাচের অভাবে জঙ্গিপুর মহকুমা হাসপাতালের এ্যামবুলেনসটি অচল হতে চলেছে। জানা গিয়েছে, প্রায় তিন মাস আগে পুরনো এ্যামবুলেনস্ পাল্টে হাসপাতালে নতুন এ্যামবুলেনস্

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## স্বাস্থ্যকেন্দ্রে তদন্ত

অরঙ্গাবাদ, ৮ নভেম্বর—জঙ্গিপুর সংবাদে প্রকাশিত মহেশাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে টাকার খেলার অভিযোগের পরিপ্রেক্ষিতে গত মাসে সংশ্লিষ্ট স্বাস্থ্য-কেন্দ্রে তদন্ত হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। তদন্ত করেছেন অতিরিক্ত জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক যাঁদের বিরুদ্ধে অভিযোগ সত্য প্রমাণিত হবে, তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি অভিযোগ-কারীদের প্রতিশ্রুতি দিয়ে গেছেন।

## শহরের বুকে চুরি

রঘুনাথগঞ্জ, ৭ নভেম্বর—গতকাল রাত্রে থানা থেকে ১০০ গজের মধ্যে জঙ্গিপুর সংবাদ অফিসের সামনে মৃণালিনী বড়ালের বাসনের দোকানে দুঃসাহসিক চুরি হয়েছে। কে বা কারা সিঁদ কেটে দোকান থেকে প্রায় ৪ হাজার টাকা দামের কাঁসাপিতলের বাসন চুরি করে নিয়ে গেছে বলে থানায় অভিযোগ লিপিবদ্ধ হয়েছে।

## নাচঘরের কান্না

নিজস্ব সংবাদদাতা, বোখারা: কোজাগরী পূর্ণিমার পুণ্য লগ্নে বোখারা যুব-নাট্যমের উদ্যোগে বোখারা গ্রামে মধব রায়ের পরিচালনায় জি সি ভট্টাচার্য্যর 'নাচঘরের কান্না' যাত্রাভিনয় অনুষ্ঠিত হয়। অভিনয়-নৈপুণ্যে দর্শকদের প্রশংসা অর্জন করেন বিভিন্ন শিল্পী।

## মিছিল, ডেপুটেশন

রঘুনাথগঞ্জ, ৬ নভেম্বর—মিসা ও ৪২তম সংবিধান সংশোধন বাতিল, রাজ্যের হাতে অধিক ক্ষমতা, বর্গাদারের স্বার্থ রক্ষা, সরকারী নীতি রূপায়ণে প্রশাসনের টালবাহানা এবং কৃষক ও বিড়ি শ্রমিকদের বিভিন্ন সমস্যাকে কেন্দ্র করে সি পি এম এর জঙ্গিপুর লোকাল কমিটির ডাকে গতকাল একটি বিরাট মিছিল রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর শহর পরিক্রমার পর মহকুমা শাসকের কাছে একটি দাবি-সনদ পেশ করে। মিছিলে ইন্দিরা গান্ধীর গ্রেপ্তার ও ফাঁসির দাবিতে ধ্বনি দিতে শোনা যায়।

ধুলিয়ান থেকে জঙ্গিপুর সংবাদ প্রতিনিধি জানিয়েছেন, সামসেরগঞ্জ ও ফরাক্কা থানার জনতা সমর্থকরা সি পি এম সমর্থকদের হাতে দু' তিন জায়গায় আক্রান্ত হওয়ার প্রতিবাদে জনতা নেতা মীর তোফায়েল হোসেনের নেতৃত্বে গত পরশু একটি মিছিল সামসেরগঞ্জ ব্লকে স্মারকলিপি পেশ করে।

আর এস পি-র ডাকে আগামী ১৪ নভেম্বর বিভিন্ন দাবিদাওয়ার ভিত্তিতে মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে এক গণসমাবেশ ঘটবে বলে জানানো হয়েছে।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস: গৌহাটি ও তেজপুর
ফোন: ধুলিয়ান—২১

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি, আমি শ্রীঅশোককুমার ভকত সাং পোপড়া (সাগরদীঘি) থানা সাগরদীঘি জেলা মুর্শিদাবাদ আমার পিতা শ্রীশ্রীকৃষ্ণপ্রসাদ ভকত মহাশয় ওয়ারিশ সূত্রে যে সমস্ত সম্পত্তি প্রাপ্ত হইয়াছেন তাহাতে আমি ও আমার অপর চারি ভ্রাতা মিতাক্ষরা শাসিত আইনানুযায়ী অংশীদার এবং আমার চারি বোন আছে তন্মধ্যে একজন বিবাহিতা। যিনি বা যাঁহারা আমার পিতার নামীয় সম্পত্তি খরিদ করিবেন তিনি বা তাঁহারা নিজ দায়িত্বে করিবেন।

শ্রীঅশোককুমার ভকত
সাং পোপাড়া (সাগরদীঘি)

## বিবেকানন্দ বিদ্যানিকেতন

(কে, জি, ইংরাজী মাধ্যম)
সাহেববাজার, জঙ্গিপুর

১৯৭৮ এর জানুয়ারী হইতে সেশান শুরু। কে, জি, প্রথম এবং দ্বিতীয় শ্রেণীতে ভর্তির জন্য ফর্ম পাওয়া যাবে। অনুসন্ধান ও বিস্তারিত বিবরণের জন্য ১২ই নভেম্বরের পরে সকাল (৭-১০ মধ্যে) খোঁজ করুন।

রাজেন দাস শর্মা
অধ্যক্ষ
বিবেকানন্দ বিদ্যানিকেতন
সাহেববাজার, জঙ্গিপুর

**সুবর্ণ সুযোগ**

কির্লোসকার, উষা, কুপার ইত্যাদি কোম্পানীর পাম্পসেট, হাসকিং মেসিন এবং অন্যান্য যন্ত্রপাতি যত্নের সঙ্গে দীর্ঘ কুড়ি বৎসরের অভিজ্ঞ ইঞ্জিনীয়ার দ্বারা মেরামত করা হয়। নিম্নে যোগাযোগ করুন:—

ক্যালকাটা সাইকেল ষ্টোর
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
(জগন্নাথের সাইকেলের দোকান)

সবার প্রিয় চা—

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**

(জগন্নাথের সাইকেলের দোকান)
**ফুলতলা** রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

Govt. of West Bengal
Office of the District Magistrate, Murshidabad
General Department

## TENDER NOTICE

Tenders in sealed covers are invited for sale of waste papers of all offices under the State Government of this district for the categories of papers mentioned below:

1. Sweepings and wrappers.
2. Old and torn papers.
3. Old gazettes and newspapers.
4. Old cloth lined papers.

The rate should be mentioned in terms of metric weights i. e. per quintal. The tenders will be received by the Senior Deputy Magistrate, Murshidabad at Berhampore upto 3 P. M. of 28. 11. 77.

1) The tenderers will have to produce sales and income tax clearance certificates with the tender otherwise the same will not be considered.

2) National Savings Certificates showing a deposit of Rs. 300/- (Rupees three hundred) only as earnest money in favour of the Collector, Murshidabad must be enclosed with the tender. The amount thus deposited shall be liable to be forfeited in case the successful tenderer fails and/or refuses to perform the contract tendered for.

3) Selected tenderer will have to deposit a sum of Rs. 300/- (Rupees three hundred) only as security money in favour of the Collector, Murshidabad.

4) Security money deposited is liable to be forfeited in full or in part to Government if the selected contractor fails partly or wholly to fulfil any condition of the contract.

5) The tenders should be accompanied by a declaration duly signed to the effect that the tender is submitted on personal appreciation of all items and implications of tender notice.

6) Acceptance of highest of any tender is not obligatory. The address of the tenderer should be shown on the left hand side of envelope.

7) The successfull tenderer shall have to enter into an agreement with District Magistrate-Collector, Murshidabad and will be required to take delivery of of the papers, on payment, at his own cost from any office of this district within a fortnight from the date of receipt of work orders. The specimen copy of such agreement is kept in office open for inspection.

8) The reserve prices of the four categories of papers for which this tender is invited are as follows:

| | |
|---|---|
| 1 Sweepings and wrappers | ...Rs. 17000/- per quintal (Rupees seventeen thousand) only. |
| 2. Old and torn papers | ...Rs. 150/- per quintal (Rupees one hundred fifty) only. |
| 3. Old gazettes and Newspapers | ...Rs. 500/- (Rupees five hundred) only per quintal. |
| 4. Old cloth lined papers | ...Rs. 21,000/- (Rupees twenty one thousand) only per quintal. |

(Issued by the DIPRO, Murshidabad)

## রক্ষাকবচরূপী মিসা

( ১ম পৃষ্ঠার পর )

জরুরী অবস্থায় মিসার ব্যাপক প্রয়োগই নাকি মহকুমায় শান্তি-শৃংখলা বজায় রেখেছে?' একজন পুলিশ অফিসার অবশ্য মিসা বাতিলের পক্ষে মত প্রকাশ করেছেন। তিনি নাম প্রকাশে আপত্তি জানিয়ে জরুরী অবস্থায় মহকুমার একটি ঘটনায় মিসা প্রয়োগের তীব্র নিন্দা করেছেন। আজ দেশে জরুরী অবস্থা নেই কাজেই পুলিশের বিগত অপকর্মের সমালোচনায় পুনরায় মিসায় ফাটকে আটক হবার আশংকা নেই। তাই সরাসরি প্রশ্ন ওঠা স্বাভাবিক, মিসা আইন ছাড়া দেশে শান্তি-শৃংখলা রক্ষা করা যাবে না কেন? ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত দেশে মিসা আইন চালু ছিল না, তা বলে কি দুর্বৃত্ত দমন সম্ভব হয়নি? ভারতীয় সংবিধানের সাধারণ আইনেই তাদের দমন করা হয়েছে। অথচ যেহেতু জরুরী অবস্থায় মিসা চালু ছিল অতএব বর্তমানেও তা চালু রাখতে হবে—পুলিশ অফিসারদের এই অন্যায্য ও অসঙ্গত যুক্তি মেনে নেওয়া যায় না। নিজেদের অক্ষমতা ও নিষ্ক্রিয়তা ঢাকতেই কি তবে তাঁরা মিসার পুনঃ-প্রবর্তন চান?

## প্রধানা শিক্ষিকা লাঞ্ছিতা

( ১ম পৃষ্ঠার পর )

হাতে প্রধানা শিক্ষিকা গীতা ব্যানারজি ও তাঁর ছেলেদের এহেন লাঞ্ছনার ঘটনায় শহরে উত্তেজনার সৃষ্টি হয়েছে। জনসাধারণ জঙ্গিপুর মহকুমা শাসক মীরা পাণ্ডের দৃষ্টি আকর্ষণ করছেন এবং পুলিশ অফিসার ভূদেব দাসের শাস্তি দাবি করছেন।

## এ্যাম্বুলেনস্ অচল

( ১ম পৃষ্ঠার পর )

দেওয়া হয়। কিন্তু তার সামনের কাচটি না থাকায় চালকের পক্ষে সেটি চালাতে ভীষণ অসুবিধা হচ্ছে। দিনে কোন রকমে চালালেও রাত্রে চালানো হয় না। ফলে রাত্রে কোন রোগী নিয়ে বহরমপুর যাওয়ার প্রয়োজন হলেও উপায় নাই। এ রকম ঘটনা ইতিমধ্যে ঘটে গেছে। একজন রোগীকে দিনের আলো ফোটার জন্য পাঁচ ঘণ্টা অপেক্ষা করতে হয়েছে। কাচ না দিলে দিনেও এ্যাম্বুলেনস্ চালানো হবে না বলে নাকি জানিয়ে দেওয়া হয়েছে।

## অর্থ-নৈতিক সুমার

( ১ম পৃষ্ঠার পর )

আধিকারিকদের সুমারীর তত্ত্বাবধায়ক এবং প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের সুমারীর গণনাকারী নিয়োগ করা হয়েছে। তাঁরা বাড়ি বাড়ি গিয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও পরীক্ষা করবেন। মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর থেকে পাঠানো জনসাধারণের কাছে জেলা শাসক অশোক গুপ্তের একটি আবেদনে বলা হয়েছে, জনসাধারণ যেন তাঁদের সংস্থার সঠিক তথ্য গণনাকারীদের জানিয়ে সরকারের সঙ্গে পূর্ণ সহ-যোগিতা করেন।

Phone :- Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

## আবেদন

জঙ্গিপুর হাই স্কুলের ( মুর্শিদাবাদ ) শতবার্ষিকী উৎসব আগামী ডিসেম্বরের ( ১৯৭৭ ) শেষ সপ্তাহে অনুষ্ঠিত হতে চলেছে। প্রাক্তন ছাত্র/ছাত্রীদের নিকট আবেদন তাঁরা যেন এই অনুষ্ঠানের প্রাক্তন ও নবীন ছাত্র/ছাত্রীদের মিলনোৎসবে তাঁদের উপস্থিতি, সহানুভূতি, আর্থিক সাহায্য ও স্মারক-গ্রন্থের জন্য প্রবন্ধাদি যথা সত্বর পাঠিয়ে কৃতার্থ করেন

শ্রীশৈলেয়রঞ্জন নাথ
প্রধান শিক্ষক,
জঙ্গিপুর হাই স্কুল
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

**দীপান্বিতার শুভ কামনাসহ**

**গান্ধী স্মারক-নিধি**

**খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

গান্ধী জয়ন্তী ও পূজা উপলক্ষে

**বিশেষ রিবেট ঃ**

১) খাদি ৩০% ২) রীল্ড সিল্ক ১০% ৩) স্পান সিল্ক ২০%

বিভিন্ন প্রকার খাদি বস্ত্র, ছাপা সিল্ক শাড়ী, গরদ শাড়ী, গরদ থান, তসর, মটকা, কেঠে, বাপতা ইত্যাদি।

আপনারা আজই যোগাযোগ করুন।

প্রত্যহ সকাল ৮টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত খোলা থাকিবে ৭, ৮, ৯ ও ১১ নভেম্বর '৭৭ পর্য্যন্ত উক্ত রিবেট দেওয়া হইবে।

**জবাকুসুম**

তেল মাখা কি ছেড়েই দিলি?

তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।

কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?

আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।

জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।